



পর্যটনের আনন্দে, তুলসীমালার মুগ্ধাঙ্কে
শেরপুর

পর্যটনের আনন্দে তুলসীমালার মুগ্ধাঙ্কে-শেরপুর

HILL. HORIZON. HOSPITALITY. TOURISM @ SHERPUR



মন্ত্রিপরিষদ বিভাগ

জেলা প্রশাসন, শেরপুর
District Administration, Sherpur



পর্যটনে শেরপুর

দিক নির্দেশনায়

একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম

প্রধানমন্ত্রীর কার্যালয়

সার্বিক তত্ত্বাবধানে

মন্ত্রীপরিষদ বিভাগ

রচনায় ও প্রকাশনায়

জেলা প্রশাসন, শেরপুর

উপদেষ্টা

মোঃ কামরুল হাসান এনডিসি

বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ

সম্পাদক

আনার কলি মাহবুব

জেলা প্রশাসক, শেরপুর

সহযোগী সম্পাদক

১. এ. টি. এম. জিয়াউল ইসলাম

উপ-পরিচালক, স্থানীয় সরকার, শেরপুর

২. মোঃ ওয়ালীউল হাসান

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), শেরপুর

৩. মোহাম্মদ তোফায়েল আহমেদ

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, শেরপুর

৪. মুকতাদিরুল আহমেদ

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), শেরপুর

সহযোগিতায়

১. তাহমিনা তারিন, সহকারী কমিশনার

২. মোঃ ফারুক-আল-মাসুদ, সহকারী কমিশনার

৩. মোঃ মাহমুদুল হাসান, সহকারী কমিশনার

৪. আকলিমা আক্তার, সহকারী কমিশনার

৫. ডি. এম. সাদিক আল শাফিন, সহকারী কমিশনার

৬. তামারা তাসবিহা, সহকারী কমিশনার

৭. মোঃ মিজানুর রহমান, সহকারী কমিশনার

আলোকচিত্রী

১. শেরপুর বার্ড কনজারভেশন সোসাইটি

২. আব্দুর রহমান রানা

৩. আয়মান নাকিব বাধন

৪. সামিহা আতিফা শৈলী

৫. রবিউল হাসান রিজন

৬. সোহানুর রহমান

৭. রুদনান আহমেদ তানজিম

প্রকাশকাল

১৪২৭, অগ্রাহায়ন

২০২০, নভেম্বর

ডিজাইন

সাহারা তিথি

হাসিব আল হাসান

ইমামুল হাসান তানভীর

মুদ্রণ

এ ডি এস প্রিন্টার্স,

কাটাবন, ঢাকা-১২০৫

কপিরাইট

জেলা প্রশাসন, শেরপুর

সর্বস্বত্ত্ব সংরক্ষিত, প্রকাশকের লিখিত পূর্বানুমতি ছাড়া এ পুস্তকের কোন

অংশ কোনভাবে পুনর্মুদ্রণ করা যাবে না।

Tourism at Sherpur

Directed By

Access to Information (a2i) programme

Prime Minister's Office

Overall Supervision

Cabinet Division

Writer & Publisher

District Administration, Sherpur

Advisor

Md. Kamrul Hasan, NDC

Divisional Commissioner, Mymensingh

Editor

Anar Koli Mahbub

Deputy Commissioner, Sherpur

Associate Editor

1. A. T. M. Ziaul Islam

Deputy Director, Local Government, Sherpur

2. Md. Waliul Hasan

Additional Deputy Commissioner (General), Sherpur

3. Mohammed Tofael Ahmed

Additional District Magistrate

4. Muktaderul Ahmed

Additional Deputy Commissioner (Revenue), Sherpur

Associate

1. Tahmina Tarin, Assistant Commissioner

2. Md. Faruk-Al-Masud, Assistant Commissioner

3. Md. Mahmudul Hasan, Assistant Commissioner

4. Aklima Akter, Assistant Commissioner

5. D. M. Sadik Al Shafin, Assistant Commissioner

6. Tamara Tasbiha, Assistant Commissioner

7. Md. Mizanur Rahman, Assistant Commissioner

Photographers

1. Sherpur Bird Conservation Society

2. Abdur Rahman Rana

3. Ayman Nakib Badhon

4. Samiha Atifa Shoili

5. Robiul Hasan Rijon

6. Sohanur Rahman

7. Rudnan Ahammed Tanjim

Date of Publication

1427, Ograhayon

2020, November

Design

Shahara Tethi

Hasib Al Hasan

Imamul Hasan Tanvir

Printed By

ADS Press

Katabon, Dhaka-1205

Copyright

District Administration, Sherpur

All Rights Reserved. Reprinting or copying any part

of this book in any form without the prior written

permission of the Publisher is strictly prohibited.

পর্যটনের আনন্দে
তুলসীমালার মুগন্ধে-শেরপুর

HILL. HORIZON. HOSPITALITY. TOURISM @ SHERPUR



জেলা প্রশাসন, শেরপুর
District Administration, Sherpur



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা



বাণী



খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ইমেইলঃ cab_secy@cabinet.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের মহাসড়কে দৃষ্টপদে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এই পথ-পরিক্রমায় বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করতে বদ্ধপরিকর। এই লক্ষ্যসমূহ অর্জনে প্রয়োজন সমন্বিত উদ্যোগ ও প্রচেষ্টা এবং দেশের প্রতিটি জেলার অর্থনৈতিক সম্ভাবনার যথাযথ বিকাশ। আর এই লক্ষ্যেই মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়িত হচ্ছে। জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়তা প্রদানের উদ্দেশ্যে ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগ জেলা-ব্র্যান্ডিং কৌশল জারি করেছে।

জেলা-ব্র্যান্ডিংয়ের একটি অন্যতম অনুষঙ্গ হলো 'ব্র্যান্ড-বুক'। জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে ব্র্যান্ড-বুকের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা রয়েছে। এটুআই দেশে-বিদেশে পরিচিত করে তুলতে ব্র্যান্ড-বুকের অত্যন্ত গুরুত্বপূর্ণ ও কার্যকর ভূমিকা রয়েছে। এটুআই প্রোগ্রামের সহায়তায় জেলা প্রশাসন ব্র্যান্ড-বুকের দ্বিতীয় সংস্করণ প্রকাশ করেছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। আশা করি জেলা-ব্র্যান্ডিং উদ্যোগ বাস্তবায়নে এই 'ব্র্যান্ড-বুক' কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

জেলা ব্র্যান্ড-বুক প্রণয়নে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

(খন্দকার আনোয়ারুল ইসলাম)



Message



Khandker Anwarul Islam
Cabinet Secretary
Government of the People's Republic of Bangladesh
Bangladesh Secretariat, Dhaka-1000
E-mail : cab_secy@cabinet.gov.bd

Bangladesh is moving forward boldly on the fast lane of development under the leadership of Honorable Prime Minister Sheikh Hasina. To this end government is determined to uplift Bangladesh to a middle income country by 2021 and a high income country by 2041. It requires integrated initiatives and tapping the economic potential of each district. District branding initiatives are being implemented under the supervision of Cabinet Division and with the support of a2i programme. Cabinet Division has already issued district branding strategies accordingly.

One of the most significant elements of district branding is 'Brand-Book'. It has a crucial role to expedite the district-branding activities. I am delighted to know that the second edition of Brand-Book is being published.

I extend my warm wishes to all involved with the publication of the second edition of the district 'Brand-Book'.

(Khandker Anwarul Islam)



বাণী



ড. আহমদ কায়কাউস
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

একটি জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনাসমূহ কে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা-ব্র্যাণ্ডিং-এর মূল অভিলক্ষ্য। জেলার স্বাতন্ত্র্য ও সম্ভাবনা বিকাশের বহুবিধ অধিক্ষেত্র রয়েছে যেমনঃ পর্যটন, পণ্য, ইতিহাস-ঐতিহ্য বা কোনো জনমুখী উদ্যোগ। জেলা-ব্র্যাণ্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন শিল্পের বিকাশ, এক জেলা এক পণ্য কর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক বিবেচনায় বলা যায় ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানই জেলা ব্র্যাণ্ডিংয়ের অন্যতম উদ্দেশ্য।

পর্যটনের সঙ্গে জেলা-ব্র্যাণ্ডিংয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। তাছাড়া জেলা ব্র্যাণ্ডিং প্রান্তিক পর্যায়ে উদ্যোক্তা তৈরি এবং অর্থনৈতিক কর্মকাণ্ডকে বেগবান করবে। ব্র্যাণ্ডিং কার্যক্রম মাঠ পর্যায়ের উদ্যোগসমূহের সাথে সম্পর্কযুক্ত সরকারের সকল মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থার যোগসূত্র স্থাপনেও সহায়তা করবে।

মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়িত এটুআই প্রোগ্রামের সহায়তায় বাংলাদেশের সকল জেলা ইতোমধ্যে তাদের ব্র্যাণ্ডিং-এর বিষয় নির্ধারণ, লোগো তৈরি এবং ত্রিবার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করেছে। জেলা-ব্র্যাণ্ডিংকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে জেলাসমূহ যে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে একটি হলো ব্র্যান্ড-বুক প্রকাশনা। ব্র্যান্ড-বুকের পরবর্তী সংস্করণসমূহের জন্য এটি যেমন ভিত্তি হিসেবে কাজ করবে, তেমনি জেলা-ব্র্যাণ্ডিং-এর পরিক্রমায় একটি উল্লেখযোগ্য দলিল হিসেবেও স্বীকৃত হবে।

তথ্য সমৃদ্ধ ও নান্দনিক জেলা ব্র্যান্ড-বুক এর দ্বিতীয় সংস্করণ প্রকাশনার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ, জেলা প্রশাসন, এটুআই এবং উক্ত প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক ধন্যবাদ জানাই এবং জেলা-ব্র্যাণ্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করি।

(ড. আহমদ কায়কাউস)



Message



Dr. Ahmad Kaikaus
Principal Secretary to the Prime Minister
Prime Minister's Office
Govt. of the People's Republic of Bangladesh

Socio-economic development is the main objective of district branding by focusing on the uniqueness of a district. Each district has diverse sectors to develop its unique potential, such as tourism, products, history and heritage or any citizen-centric initiative. District branding is playing an important role in preserving the history and culture of districts, developing the tourism industry, assisting in the implementation of the 'One District One Product' program and identifying and preserving indigenous products of districts. Therefore, the overall objective of district branding is to contribute to the implementation of the current government vision of building a middle-income country by 2021 and a developed and prosperous Bangladesh by 2041.

District-branding is closely linked to tourism. Moreover, district branding will foster initiatives at the grassroots level and accelerate economic activities. Simultaneously, it will pave the way for establishing further linkage between local level and concerned policy making department/division and ministries.

With the help of a2i program and mentored by Cabinet Division and ICT Division, all districts of Bangladesh have already identified their branding issues, innovated logos and formulated three-year implementation plans. The publication of brand-books is one of the wide-ranging endeavours taken by the districts to make district branding known at home and abroad. It will serve as a basis for subsequent editions of the brand-book and be recognized as a significant document in the chronicle of district branding.

I sincerely thank the Cabinet Division, District Administration, a2i and everyone involved in the publication of second edition of an informative and well-designed brand-book and wish overall success.

(Dr. Ahmad Kaikaus)



বানী



এন এম জিয়াউল আলম পিএএ
সিনিয়র সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ফোনঃ +৮৮ ০২ ৪১০২৪০৩১

ই-মেইলঃ secretary@ictd.gov.bd

একটি জেলার স্বাভাবিক ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা-ব্র্যান্ডিংয়ের মূল অভিলক্ষ্য। জেলার স্বাভাবিক ও সম্ভাবনা বিকাশের নানাবিধ ক্ষেত্র রয়েছে যেমনঃ পর্যটন, পণ্য, ইতিহাস-ঐতিহ্য বা কোনো জনমুখী উদ্যোগ। জেলা-ব্র্যান্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন শিল্পের বিকাশ, এক জেলা এক পণ্য কর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগোলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। সামগ্রিক বিবেচনায় বলা যায় ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে বর্তমান সরকারের রূপকল্প বাস্তবায়নে সহায়তা প্রদানই জেলা ব্র্যান্ডিংয়ের অন্যতম উদ্দেশ্য।

পর্যটন ও বানিজ্যের সঙ্গে জেলা-ব্র্যান্ডিংয়ের নিবিড় সম্পর্ক রয়েছে। বাংলাদেশের পর্যটন সম্ভাবনার বিকাশে জেলা-ব্র্যান্ডিং গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এই লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, বেসামরিক ট্যুরিজম বোর্ড-সহ সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি সংস্থাসমূহ একযোগে কাজ করতে পারে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এ বিষয়ে সব ধরনের সহায়তা দিতে প্রস্তুত।

পর্যটনের আনন্দে, তুলশীমালার সুগন্ধ

শেতপত

দেশের জেলাসমূহকে দেশে-বিদেশে পরিচিত করে তুলতে জেলা প্রশাসন যে বিস্তৃত উদ্যোগ গ্রহণ করেছে তার মধ্যে একটি হলো ব্র্যান্ড-বুক প্রকাশনা। ব্র্যান্ড-বুকের পরবর্তী সংস্করণসমূহের জন্য এটি যেমন ভিত্তি হিসেবে কাজ করবে, তেমনি জেলা-ব্র্যান্ডিং-এর ইতিহাসে একটি উল্লেখযোগ্য দলিল হিসেবেও স্বীকৃত হবে।

একটি তথ্য সমৃদ্ধ ও নান্দনিক ব্র্যান্ড-বুক এর তৈরির জন্য আমি জেলা প্রশাসন, এটুআই, মন্ত্রিপরিষদ বিভাগ এবং উক্ত প্রকাশনার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই এবং জেলা-ব্র্যান্ডিং কাজের সার্বিক সাফল্য কামনা করি।

(এন এম জিয়াউল আলম পিএএ)



Message



NM Zeaul Alam PAA

Senior Secretary

ICT Division

Phone: +88 02 41024031

E-mail: secretary@ictd.gov.bd

The mission of district branding is to achieve socio-economic development through promoting the uniqueness and the potentials of each district. The districts have diverse potentials such as tourist sites, commercial products, famous foods, history and tradition as well as peoples' welfare-centric initiatives. District branding plays an important role in safeguarding and fostering history, tradition and culture of the districts, developing tourism industry, implementing 'one district one product programme and identifying and preserving the geographical indications (GIS). One of the main objectives of district branding is to provide support in realizing the vision of the present government to become a middle income country by 2021 and a prosperous and developed nation by 2041.

District-branding is closely linked with tourism and business. This initiative can play an important role in unleashing the potentials of tourism in Bangladesh. In this regard, all government and non-government organizations, including Cabinet Division, Ministry of Public Administration, Ministry of Civil Aviation and Tourism, Ministry of Cultural Affairs, Bangladesh Parjatan Corporation, Bangladesh Tourism Board can work together. ICT Division is ready to provide all-out support.

One of the important initiatives of the District Administration to promote district branding at home and abroad is the publication of Brand Book. This document will be a foundation for the future editions and at the same time will also be treated as a landmark publication in the history of district-branding.

I congratulate District Administration, a2i, Cabinet Division and all concerned for publishing such an impressive and informative Brand Book and wish the district branding initiative all the success.

(NM Zeaul Alam PAA)



বানী



শেখ ইউসুফ হারুন
সচিব

জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনন্য নেতৃত্বে অদম্য গতিতে এগিয়ে চলেছে বাংলাদেশ। উন্নয়নের এ মহাযাত্রায় জেলা প্রশাসনের সম্পৃক্ততা বহুমাত্রিক। টেকসই উন্নয়ন অভিষ্ট অর্জনে বাংলাদেশের সকল জেলা প্রশাসন নিজ নিজ জেলার স্বতন্ত্র বৈশিষ্ট্য, পর্যটন, পণ্য উদ্যোগ এবং ইতিহাস ও ঐতিহ্য সমন্বয়ে সম্ভাবনার যথাযথ বিকাশে জেলা-ব্র্যান্ডিং নামে বিপুল কর্মযজ্ঞ এগিয়ে নিয়ে যাচ্ছে।

একটি জেলার অমেয় সম্ভাবনাকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নই জেলা ব্র্যান্ডিংয়ের মূল অভিলক্ষ্য। জেলা-ব্র্যান্ডিং জেলার ইতিহাস-ঐতিহ্য ও সংস্কৃতির সংরক্ষণ ও চর্চা, পর্যটন-শিল্পের বিকাশ, এক জেলা এক পণ্য কর্মসূচির বাস্তবায়নে সহায়তা প্রদান এবং জেলার ভৌগলিক নির্দেশক পণ্য চিহ্নিতকরণ এবং তা সংরক্ষণের ক্ষেত্রে কার্যকর ভূমিকা পালন করছে। জেলার বিখ্যাত পণ্যের প্রসার, বিশেষ কোন উদ্যোগের বাস্তবায়ন এবং পর্যটন শিল্পের সুচারু বিকাশে জেলা ব্র্যান্ডিং অসাধারণ ভূমিকা পালন করতে পারে।

পর্যটনের আনন্দে, তুলশীমালার সুগন্ধে

মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে এবং এটুআই প্রোগ্রামের সহযোগিতায় ও জেলা প্রশাসনের নেতৃত্বে বাংলাদেশের সকল জেলায় ব্র্যান্ডিং কার্যক্রমকে কার্যকররূপে তুলে ধরতে জেলা ব্র্যান্ডবুক এর দ্বিতীয় সংস্করণ প্রকাশিত হচ্ছে যেনে আমি আনন্দিত। আমি প্রত্যাশা করি জেলা-ব্র্যান্ডিংয়ের প্রচার এবং সমৃদ্ধিতে এই 'ব্র্যান্ড-বুক' কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে।

জেলা ব্র্যান্ড-বুক এর প্রকাশনায় সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

(শেখ ইউসুফ হারুন)



Message



Shaikh Yusuf Harun

Secretary

Ministry of Public Administration

Govt. of the People's Republic of Bangladesh

Bangladesh is moving forward with an indomitable pace under the unique leadership of honorable Prime Minister Sheikh Hasina. In the way towards this development the contribution of district administration is multi-dimensional. In order to achieve Sustainable Development Goals, all the district administrations of Bangladesh have taken enormous initiatives of district-branding for proper growth of the districts unique potentialities with their distinct characteristics, tourism, products, initiatives, history and heritage.

The main objective of district branding is socio-economic development by mounting the distinction and the potentialities of a district. District-branding has been playing an effective role in preservation and practice of history, heritage and culture of the district along with development of tourism industry, supporting the implementation of one district one product program and identifying and preserving geographical indications of the district. District branding can play an extraordinary role in the expansion of district's famous products, implementation of special initiatives and smooth development of tourism industry.

I am delighted to know that by the supervision of Cabinet Division and under the leadership of district administration with support from a2i all the districts are going to publish brand book to underline the branding activities. I hope that, these books will facilitate the promotion and enrichment of district branding activities.

I sincerely thank all providing efforts in publishing of the brand-book.

(Shaikh Yusuf Harun)



বানী



ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশের প্রতিটি জেলা অনন্য বৈশিষ্ট্য ও সম্ভাবনায় ভরপুর। কোনো জেলায় রয়েছে সুপ্রাচীন ঐতিহাসিক নিদর্শন, কোথাও প্রাকৃতিক সৌন্দর্যের পসরা সাজানো, কোথাও বা লোকজ ঐতিহ্য কিংবা শিল্প-সাহিত্যে সমৃদ্ধ। আবার কোনো জেলা কৃষিজ পণ্যের জন্য বিখ্যাত, কোন জেলা ঐতিহ্যবাহী খাবারের জন্য প্রসিদ্ধ। দেশের প্রতিটি জেলার এ সকল বৈশিষ্ট্যকে শুধু এ দেশের অভ্যন্তরেই নয়, বহির্বিশ্বের কাছে তুলে ধরে আমাদের ইতিহাস-ঐতিহ্য, সমৃদ্ধি আর প্রাকৃতিক সৌন্দর্যকে বিশ্ববাসীকে জানানোর মাধ্যমে বৈদেশিক বিনিয়োগকে আকৃষ্ট করার জন্য 'জেলা-ব্র্যান্ডিং' অনন্য ও দূরদৃষ্টি-সম্পন্ন একটি উদ্যোগ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে তাঁর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক ও সামাজিক সূচকে উল্লেখযোগ্য অগ্রগতি সাধনের মাধ্যমে এগিয়ে চলেছে অমিত সম্ভাবনার দেশ-বাংলাদেশ। বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে 'ডিজিটাল বাংলাদেশ' তথা মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে একটি সুখী ও সমৃদ্ধ দেশে পরিণত করার লক্ষ্যে বদ্ধপরিকর। এই রূপকল্পসমূহ অর্জনে সরকার ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। উক্ত কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশের প্রত্যেকটি জেলার স্বাভাবিক ও সম্ভাবনাসমূহকে বিকশিত করার মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নকে ত্বরান্বিত করতে এটুআই প্রোগ্রাম জেলা-ব্র্যান্ডিংয়ের উদ্যোগ গ্রহণ করেছে।

পর্যটনের আনন্দে, তুলশীমালার সুগন্ধে

শেখপুর

এ উদ্যোগকে সামনে এগিয়ে নিতে এবং সফল করতে প্রতিটি জেলার জেলা-ব্র্যান্ডিংয়ের সার্বিক কার্যক্রমকে চিত্তাকর্ষকভাবে উপস্থাপনের একটি অনন্য প্রয়াস হচ্ছে ব্র্যান্ড-বুক। এই ব্র্যান্ড-বুক জেলা-ব্র্যান্ডিং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন এবং পরবর্তীতে যাঁরা ব্র্যান্ডিংয়ের সঙ্গে সম্পৃক্ত হবেন তাঁদের জন্য জ্ঞান-ভান্ডার হিসাবে কাজ করবে। বাংলার পাশাপাশি ইংরেজিতেও বিষয়সমূহ উপস্থাপনের ফলে এই বইটির ব্যবহারের পরিধি নিশ্চিতভাবে বেড়েছে।

আমি অত্যন্ত আনন্দিত যে, জেলা-ব্র্যান্ডিং উকের প্রথম সংস্করণ প্রকাশিত হতে যাচ্ছে যা এ জেলার ব্র্যান্ডিংকে দেশে-বিদেশে তুলে ধরতে আরও কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। মন্ত্রিপরিষদ বিভাগ, এটুআই, জেলা প্রশাসন এবং বিভিন্ন পর্যায়ে সংশ্লিষ্ট থেকে যাঁরা এই প্রকাশনাটি সম্পন্ন করেছেন আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

৪৭২

(ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ)



Message



Dr. Md Abdul Mannan, PAA
Project Director (Additional Secretary)
Aspire to Innovate (a2i) Programme
ICT Division, Ministry of Posts,
Telecommunications and Information Technology

Each and every district of Bangladesh possesses some unique features and potentials. Some parts of this land have elegant natural beauty while the other parts have historical archetypes and antiques. Also the most parts of this land have abundance of agricultural products with lots of fruits and crops. The folk arts and cultural heritages of this country have significant history and practices as well. All the unique features and characteristics of the very parts of the country need to be flourished not only inside the country but also to the rest of the world to let everyone know about the beautiful Bangladesh and to attract Foreign Direct Investment. In this perspective district branding is a unique approach.

Bangladesh has been pacing forward with significant progress in economic and social indicators led by Honourable Prime Minister Sheikh Hasina, to build 'Sonar Bangla' the dream of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. The present government is committed to build 'Digital Bangladesh' by 2021 and a happy and prosperous country by 2041. To realize these visions, the government has taken up massive programmes. As part of these programmes to accelerate the momentum of development, the initiative of 'District Branding' has been undertaken by the a2i programme of ICT Division.

Brand-Book is a unique effort to impressively demonstrate the overall activities of district branding. This book is serving as a knowledge base for planning and implementing district branding and for those who will be subsequently associated with this initiative. Bilingual feature of this book has certainly added an extra advantage regarding its use.

I am absolutely delighted that the first edition of Brand-Book is going to be published which will play a crucial role in showcasing district branding at home and abroad. My heartfelt thanks go to the Cabinet Division, a2i team, District Administration and all concerned with this significant publication.

(Dr. Md Abdul Mannan, PAA)



বাণী



মোঃ কামরুল হাসান, এনডিসি
বিভাগীয় কমিশনার
ময়মনসিংহ

জেলা প্রশাসন, শেরপুর এর উদ্যোগে “জেলা ব্র্যান্ডবুক” হালনাগাদ করা হচ্ছে জেনে আমি আনন্দিত।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর হাত ধরে স্বাধীন হওয়া বাংলাদেশ আজ বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। তথ্য প্রযুক্তিতে অভাবনীয় উন্নতি লাভ করে সুখী সমৃদ্ধ জাতি হিসেবে উন্নতির সোপান গড়ে চলেছে আমাদের স্বপ্নের সোনার বাংলা। বর্তমান সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় দেশের সকল সম্ভাবনাময় খাতে যথাযথ বিনিয়োগ করা হচ্ছে এবং নতুন নতুন বিনিয়োগের ক্ষেত্র প্রস্তুত করা হচ্ছে। মাঠ পর্যায়ের কার্যকর প্রশাসনিক অঞ্চল হিসেবে প্রত্যেক জেলার অমিত সম্ভাবনাকে বাস্তবে ব্যবহার করে বিভিন্ন উন্নয়নমুখী কার্যক্রম বাস্তবায়ন করার লক্ষ্যে সারাদেশে গ্রহণ করা হয়েছে “জেলা ব্র্যান্ডিং” কার্যক্রম। মন্ত্রিপরিষদ বিভাগের তত্ত্বাবধানে ও এটুআই (এসপায়ার টু ইনোভেট) প্রোগ্রামের সহযোগিতায় “জেলা ব্র্যান্ডবুক” হালনাগাদ করা হচ্ছে। জেলা প্রশাসন, শেরপুর কর্তৃক জেলা ব্র্যান্ডবুক হালনাগাদকরণের এ উদ্যোগকে আমি আন্তরিকভাবে স্বাগত জানাই। আমার দৃঢ় বিশ্বাস, এই প্রকাশনার মাধ্যমে জেলার আনাচে-কানাচে ছড়িয়ে ছিটিয়ে থাকা অমূল্য সম্পদ, ইতিহাস, ঐতিহ্য, প্রত্নতাত্ত্বিক নিদর্শন, সংস্কৃতি এবং উন্নয়ন সম্ভাবনার বিষয়গুলো সবার নজরে আসবে।

“জেলা ব্র্যান্ডবুক” হালনাগাদ করার সঙ্গে সংশ্লিষ্ট সকলকে আমি আন্তরিক অভিনন্দন জানাই। আমি বিশ্বাস করি “জেলা ব্র্যান্ডিং” কার্যক্রমের মাধ্যমে উন্মোচিত হবে এ অঞ্চলের অপার সম্ভাবনার দ্বার।

মহান আল্লাহ আমাদের সহায় হোন।

(মোঃ কামরুল হাসান, এনডিসি)



Message



Md. Kamrul Hasan, NDC
Divisional Commissioner
Mymensingh

It is my pleasure to know that District Administration, Sherpur is going to update the “District Brand Book”.

Bangladesh, which has achieved its independence under the leadership of the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, is now a role model of development in the world. It has got a tremendous development in Information and Communication Technology (ICT) sector through which it is building the steps of a developed nation, our dream the “Shonar Bangla”. Investments are happening in all the probable sectors with the utmost efforts of the present government and at the same time new arenas of investment sectors are being created. “District Branding” programs are being taken by the district administration to explore the endless potentials of the locality. The “District Brand-Book is on updating with the help of ‘Aspire to Innovate (a2i) and under the close guidance and supervision of the Cabinet Division. I heartily welcome the District Administration, Sherpur for its initiatives to update the Brand-Book. I am confident that, this publication will draw the attention of all concern about the history, heritage, culture and the potentialities of the district.

My heartfelt felicitation goes to those who are working to update the Brand-Book. I believe that “District Branding” program will open the avenue of enormous potentialities of this locality.

May Allah (SWT) help us.

(Md. Kamrul Hasan, ndc)



মুখবন্ধ



আনার কলি মাহবুব
জেলা প্রশাসক
শেরপুর

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীনতা সংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশ বিশ্ব মানচিত্রে স্থান করে নেয়। শোষণ আর বঞ্চনার দিন পেছনে ফেলে বাংলাদেশ আজ বিশ্বের দরবারে উন্নয়নের রোল মডেল। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঐকান্তিক প্রচেষ্টায় উন্নয়নের অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে এবং উন্নত, সুখী ও সমৃদ্ধ দেশ গড়ে তোলার লক্ষ্যে গৃহীত হয়েছে 'রূপকল্প- ২০২১' ও 'রূপকল্প- ২০৪১'; বাস্তবায়ন করা হচ্ছে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং মাননীয় প্রধানমন্ত্রীর ১০ (দশ)টি বিশেষ উদ্যোগ। এসব কার্যক্রমের অংশ হিসেবে দেশের প্রতিটি অঞ্চলের অর্থনৈতিক সম্ভাবনার বিকাশের লক্ষ্যকে সামনে রেখে জেলা ব্র্যান্ডিং-এর উদ্যোগ গৃহীত হয়।

গারো পাহাড়ের পাদদেশে অবস্থিত সীমান্তবর্তী ভারতের মেঘালয় ঘেঁষা মনোরম শোভামণ্ডিত জেলা শেরপুর। পাহাড়ের কোলে বেড়ে ওঠা এ জেলার সরল সাধারণ মানুষেরা প্রাচীনকাল হতে ধারণ করে আসছে জেলার সংস্কৃতি ও ঐতিহ্য। পাহাড়ী এ জনপদের বুক চিরে বয়ে গেছে ভোগাই, মহারশি, চেল্লাখালি, কর্ণঝোড়া, ব্রহ্মপুত্র, কংশ, মালিঝিসহ অসংখ্য জলস্রোতের রাশি। সারি সারি শাল-গজারি-রাবার বাগান, মাথা উঁচু করে থাকা পাহাড়ি বৃক্ষের রাশি সবুজের মায়ায় আচ্ছাদিত করে রেখেছে ছোট এই জেলাটিকে। আকাশের গায়ে হেলান দিয়ে দাঁড়িয়ে থাকা রাজার পাহাড়, মেঘালয় ঘেঁষা গজনী অবকাশ কেন্দ্র, বিচ্ছিন্ন দ্বীপের মত অসংখ্য ছোট বড় পাহাড় আর প্রাকৃতিক সৌন্দর্যে ঘেরা মধুটিলা ইকোপার্ক, অপরূপ মাইসাহেবা মসজিদ, দর্শনীয় বারোমারি মিশন, সুতানাল দীঘি, নাকুগাঁও স্থলবন্দর, সীমান্ত সড়কের অপরূপ দৃশ্য দেশি বিদেশি পর্যটকদের আকৃষ্ট করার মাধ্যমে সৌন্দর্যপিপাসু লোকেদের জন্য বিনোদনের দ্বার উন্মুক্ত করে দিয়েছে। গজনী অবকাশ কেন্দ্রে নির্মাণাধীন 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী জাদুঘর' ও 'বঙ্গবন্ধু ও মুজিবুদ জাদুঘর' পর্যটকদের মনে আনন্দপ্রাপ্তির সাথে এ জেলার কৃষ্টি ও স্বাধীনতা সংগ্রামের ইতিহাস সম্পর্কে এক গভীর ছাপ রেখে যাবে।

শেরপুরের জীবন ও রূপকথায় ছড়িয়ে ছিটিয়ে আছে সরু সুগন্ধি জাতের তুলসীমালা ধানের চাল। সেই চালের পিঠা-পায়েস, খই-মুড়ি আর ভাতের সুগন্ধ ও স্বাদের কারণে তুলসীমালা আজ শেরপুরের ব্র্যান্ডিং পণ্য হিসেবে বিশ্বমঞ্চ অন্দি পরিচিত। পর্যটকদের কাছে মনোমুগ্ধকর শেরপুরকে আরো পরিচিত করা এবং এ জেলার সুগন্ধী তুলসীমালা চালের সুখ্যাতি সারা বিশ্বে ছড়িয়ে দিতে জেলা ব্র্যান্ডিং ট্যাগলাইন হিসেবে 'পর্যটনের আনন্দে, তুলসীমালার সুগন্ধে' গৃহীত হয়েছে।

এই ব্র্যান্ডিং প্রকাশনা শেরপুরকে আন্তর্জাতিক অঙ্গনে পরিচিত করবে বলে আশা করি। পুনর্মুদ্রণের সময় ব্র্যান্ডিং প্রকাশনাটিকে ত্রুটিমুক্ত রাখার সর্বোচ্চ চেষ্টা করা হয়েছে। তবুও অনিচ্ছাকৃত ভুল ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ রইল। এ সুবিশাল কর্মযজ্ঞে যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহযোগিতা করেছেন তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

(আনার কলি মাহবুব)



Preface



Anar Koli Mahbub
Deputy Commissioner
Sherpur

Bangladesh was placed on the world map in 1971 through the freedom struggle under the leadership of Sheikh Mujibur Rahman, the best Bengali of the millennium, the great architect of the independence and the father of the nation. Leaving behind the days of exploitation and deprivation, Bangladesh today is a role model of development in the court of the world. With the tireless efforts of Honourable Prime Minister Sheikh Hasina, 'Vision-2021' and 'Vision -2041' have been adopted and 'SDG's' & '10 Special Initiatives of Honourable Prime Minister are being accomplished to continue the progress of development and build a happy, prosperous and developed country. As part of this, district branding initiatives were taken with the aim of developing the economic potential of every region of the country.

Sherpur is a picturesque district in the foothills of the Garo Hills, bordering Meghalaya, India. The culture and traditions of this district have been preserved by the common people, living on the lay of hills, since ancient times. Vhogai, Moharoshi, Cellakhali, Korrnojhora, Brahmaputra, Kangsha, Malijhi and many other streams flow through this mountainous town. Rows of shawl-gazari-rubber orchards, towering hill trees cover this small district with greenery. Rajar Pahar leaning against the sky, Gajni Vacation Center adjacent to Meghalaya, numerous small and large isolated island like hills and Madhutila Ecopark surrounded by natural beauty, beautiful Maisaheba Mosque, spectacular Baromari Mission, Sutanal Dighi, Nakugaon Land Port, immense beauty of border road attract the tourists and have opened the door of entertainment for beauty-loving people. The under construction 'Ethnic Minority Museum' and the 'Bangabandhu and Liberation War Museum' at the Gajni Obokash Center will leave a lasting impression on the tourists about the district's culture and freedom struggle.

The fragrant variety of rice 'Tulsimala' is scattered in the life and legends of Sherpur. Tulsimala is known on the world stage today as the branding product of Sherpur because of the aroma and taste of pitha-payes, khai-muri and rice made of that paddy. 'Joy of Tourism, Fragrance of Tulsimala' has been chosen as district branding tagline to make Sherpur more attractive to tourists and to spread the fame of the district's fragrant 'Tulsimala' rice all over the world,.

We hope that this branding publication will make Sherpur familiar to the international arena. Every effort has been made to keep the branding publication flawless during reprinting. Yet unintentional mistakes are requested to be seen with a forgiving look. I express my gratitude to all those who have directly and indirectly cooperated in this vast undertaking.

(Anar Koli Mahbub)

মূঁচিপত্র

১. শেরপুর জেলার সংক্ষিপ্ত পরিচিতি	২৩
২. শেরপুরের ইতিহাস	২৪
৩. ট্যাগলাইন ও লোগোর বর্ণনা	২৬
৪. সচিত্র বর্ণনা (শেরপুরের ঐতিহ্য ও দর্শনীয় স্থান)	২৭
* গজনী অবকাশ কেন্দ্র	২৮
* মধুটিলা ইকোপার্ক	৩৭
* রাজার পাহাড় ও বাবেলাকোনা	৪১
* পানিহাটা লেক ও তারানি পাহাড়	৪৪
* অর্কিড পর্যটন কেন্দ্র	৪৭
* কর্ণঝোড়া	৫০
* নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠী	৫৩
* সীমান্ত সড়ক	৫৮
* নান্দনিক শেরপুর- প্রকৃতি ও গ্রামীণ জীবন	৬১
* হাজারো পাখির কোলাহলে আচ্ছন্ন শেরপুর	৭৪
* জেলা প্রশাসকের বাসভবনঃ ডিসি বাংলো	৮০
* তুলশীমালা চাল	৮২
* স্বাধীনতা সংগ্রাম, আন্দোলনে শেরপুর	৮৬
* পৌনে তিন আনী জমিদার বাড়ী	৯০
* সাম্প্রদায়িক সম্প্রীতির জেলা শেরপুর	৯৩
* শেরপুরের মুখরোচক খাবার	১০২
৫. সংক্ষিপ্ত কর্মপরিকল্পনা	১০৬
৬. জেলা ব্র্যাডিং বিষয়ক সভা, সেমিনার ও কর্মশালা	১০৮
৭. পর্যটন সংক্রান্ত ইনফোগ্রাফ	১১১
৮. যেভাবে যাবেন শেরপুর	১১২
৯. হোটেল মোটেল	১১৪
১০. পরিবর্তনের গল্প	১২৪

Index

1. A brief introduction to Sherpur district -----	23
2. History of Sherpur -----	24
3. Tagline & Description of Logo -----	26
4. Spectacular Description (Tradition & Sightseeing of Sherpur) ----	27
* Gazni Obokash -----	29
* Madhutila Eco Park -----	38
* Rajar Pahar and Babelakona -----	41
* Panihata Lake and Tarani Hills -----	45
* Orchid Tourism Centre -----	47
* Karnajhora -----	50
* Ethnic Population -----	53
* Border road -----	58
* Beautiful Sherpur-Nature & Rural Life -----	61
* Sherpur is overwhelmed by the noise of thousands of birds -----	74
* Deputy Commissioner's Residence: DC Bungalow -----	80
* Tulshimala Rice -----	82
* Sherpur in Independence Struggle, Movement -----	86
* Pouné Tin Ani Landlord House -----	90
* Communal Harmony in Sherpur -----	93
* Sherpur's Appetizing Meal -----	102
5. Action Plan in a Brief -----	107
6. District Branding Related Meetings, Seminars and Workshops ---	108
7. Tourism Related Infograph -----	111
8. The way to Sherpur -----	112
9. Housing & Residential Hotels -----	114
10. Story of Transformation -----	126

পর্যটনের আনন্দে
শুলসীমানার মুগন্ধে-শেরপুর




HILL. HORIZON. HOSPITALITY. TOURISM @ SHERPUR



শেরপুর জেলার সংক্ষিপ্ত পরিচিতি

শেরপুর জেলা (ময়মনসিংহ বিভাগ) আয়তনঃ ১৩৫৯.৮৭ বর্গ কি.মি.। অবস্থানঃ ২৪°১৮' থেকে ২৫°১৮' উত্তর অক্ষাংশ এবং ৮৯°৫৩' থেকে ৯০°৯১' পূর্ব দ্রাঘিমাংশ। সীমানাঃ উত্তরে ভারতের মেঘালয় রাজ্য, দক্ষিণে ময়মনসিংহ ও জামালপুর জেলা, পূর্বে ময়মনসিংহ জেলা, পশ্চিমে জামালপুর জেলা। জলাশয় ও প্রধান নদ নদীর মধ্যে রয়েছেঃ পুরাতন ব্রহ্মপুত্র, সোমেশ্বরী, চিল্লাখালী, ভোগাই, কংশ, কাটাখালী খাল উল্লেখযোগ্য। ১৮৬৯ সালে শেরপুর পৌরসভা গঠিত হয়। ১৯৮৪ সালে শেরপুর মহকুমাকে জেলায় রূপান্তর করা হয়। জেলার পাঁচটি উপজেলার মধ্যে শেরপুর সদর উপজেলা সর্ববৃহৎ (৩৫৬.০১ বর্গ কি.মি.) এবং সবচেয়ে ছোট উপজেলা নকলা (১৭৪.৮০ বর্গ কি.মি.)। অধিবাসীদের মধ্যে মুসলমান ও হিন্দুই প্রধান। এছাড়া পাহাড়ী জনপদে গারো, হাজং প্রভৃতি কিছু ক্ষুদ্র নৃগোষ্ঠী রয়েছে যাদের অধিকাংশের ধর্ম খ্রিস্টান।



A brief introduction to Sherpur district

Sherpur District (Mymensingh division) area 1359.87 sq km, located in between 24°18' and 25°18' north latitudes and in between 89°53' and 90°91' east longitudes. It is bounded by Meghalaya state of India on the north, Mymensingh and Jamalpur districts on the south, Mymensingh district on the east, Jamalpur district on the west. Water bodies & Main rivers are: Old Brahmaputra, Someshwari, Chillakhali, Bhogai, Kangsa; Katakhalī Canal is notable. Sherpur Municipality was formed in 1869. Sherpur Municipality was turned into a district in 1984. Among the five upazilas of the district, Sherpur Sadar is the largest (356.12 sq km) and Nakla is the smallest (174.80 sq km). Muslims and Hindus are the major population among the residents. Besides this, there are some ethnic minorities like Garo, Hajong in the hill town Sherpur, most of them having Christian religion.



শেরপুরের ইতিহাস

প্রকৃতির অপরূপ লীলাভূমি সীমান্তকন্যা গারো পাহাড়ের সুসমামলিত শেরপুর একটি অতি প্রাচীন জনপদ। দেশের ছোট সুন্দর প্রান্তিক জেলা শেরপুর। অতি প্রাচীনকালে শেরপুর কামরূপ রাজ্যের অন্তর্ভুক্ত ছিল। মোগল সম্রাট আকবরের শাসনামলে বিশাল চওড়া ও খরস্রোতা ব্রহ্মপুত্র পার হয়ে শেরপুর পৌঁছতে সময় লাগত এক প্রহর বা তিন ঘণ্টারও বেশী। এই পারের পারানি ছিল দশকাহন কড়ি বা সুলতানী দশ টাকা। তাই এ অঞ্চলকে তখন বলা হতো দশকাহনিয়া বাজু (বিভাগ)। সপ্তদশ শতাব্দীর প্রথম ভাগে ভাওয়ালের গাজীগণ ঈশা খাঁর বংশধরদের কাছ থেকে দশকাহনিয়া পরগণা দখল করে নেয়। গাজী বংশের শেষ জমিদার শের আলী গাজীর নামানুসারে দশকাহনিয়ার নামকরণ করা হয়- শেরপুর। ১২৫৮ খ্রিস্টাব্দ থেকে ইজার উদ্দিন উজবেগ তুগ্রলখা, ১৪৯১ খ্রিস্টাব্দ থেকে দ্বিতীয় ফিরোজ শাহ, ১৪৯৮ খ্রিস্টাব্দ থেকে হুসেন শাহ, পরবর্তীতে পাঠান সম্রাট শেরশাহ, মোগল সম্রাট বাবর, হুমায়ুন, আকবর- এমনি আরও অনেক রাজা-বাদশাহগণ এ অঞ্চল শাসন করতেন।



History of Sherpur

Sherpur is a very ancient hometown of Garo hills, having beautiful dalliance land border daughter of nature. Sherpur is a small border district of the country. In the ancient times, Sherpur was included at the kingdom of Kamarupa. During the Mughal emperor Akbar's regime, it took more than or nearly three hours to reach Sherpur by crossing the vast wide river Brahmmaputra, carrying a strong current. This side ferriage was equivalent to ten shell-money or sultani ten money. So this area was called 'Daskahoniya Baju' (Ten Deccan pargana). In the first half of the seventeenth century, Ghazi's of Bhawal occupied ten deccan parganas from the descendants of Isha Khan's clan. Deccan was named after the last landlord of Gazi progeny, named Sher Ali Gazi - Sherpur. Iqtar Uddhin Uzbeg Tugralkha from 1258, the second Firoz Shah from 1491, Hussein Shah from 1498 AD, later Pashtur Emperor Sher Shah, Mughal emperor Babur, Humayun, Akbar, and many more kings ruled this region.





ট্যাগলাইন

Tagline:

“পর্যটনের আনন্দে তুলশীমালার সুগন্ধে”

“Hill. Horizon. Hospitality-Tourism at Sherpur”

লোগোর বর্ণনা

Description of Logo

লোগোটির “S” পাহাড়ে কোল ঘেষে একেবেকে চলা সড়ক ও Sherpur এর ইংরেজি প্রথম বর্ণ “S” এর প্রতীক। পেছনের ছোট দুটি পাহাড় শেরপুরের সীমান্তবর্তী ছোট ছোট গারো পাহাড় ও টিলার প্রতীক এবং গারো পাহাড়ের কোলে সূর্য আর পাহাড়ের সামনে শালবৃক্ষ শেরপুরের অপরূপ প্রকৃতির পরিচায়ক।

The “S” of the logo symbolizes the zigzag roads passing through the hilly mountains & the first English letter of Sherpur. Two small hills behind *Shorea Robusta* are the symbols of hill of the border of Sherpur and the rising sun in front of the hills and the Shal (*Shorea Robusta*) trees symbolize the soothing nature of Sherpur district.



পর্যটনের আনন্দে, তুলশীমালার সুগন্ধে
শেরপুর

HILL.HORIZON.HOSPITALITY

Tourism@Sherpur



ଅଚିତ୍ତ ବର୍ଣ୍ଣନା ଶେରପୁରର ଐତିହ୍ୟ ଓ ଦର୍ଶନୀୟ ସ୍ଥଳ



Spectacular Description Tradition & Sightseeing of Sherpur





গজনী অবকাশ কেন্দ্র

শেরপুর সদর থেকে ৩০ কিলোমিটার দূরে ঝিনাইগাতী উপজেলার সীমান্তবর্তী গারো পাহাড়ের পাশে সবুজ পাহাড়, টলটলে হ্রদের মাঝে গজনী অবকাশ কেন্দ্রের অবস্থান। ১৯৯৩ সালে শেরপুরের তৎকালীন জেলা প্রশাসকের উদ্যোগে আকর্ষণীয় এ পর্যটনকেন্দ্রটি গড়ে উঠে। গজনী এলাকাটি ব্রিটিশ আমল থেকেই পিকনিক স্পট হিসেবে পরিচিত। মনোরম পাহাড়ি শোভামন্ডিত আনুমানিক ২০০ ফুট উঁচু পাহাড়ের টিলায় নির্মাণ করা হয়েছে তিনতলা অবকাশভবন। গারো পাহাড়ের পাদদেশে স্বচ্ছ পানির হ্রদ ও দিগন্তছোঁয়া সবুজ বনানীই এই এলাকার বৈশিষ্ট্য। ১৯৭১ সালের মহান স্বাধীনতায়ুদ্ধের সময় মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ এলাকা হিসেবেও এর ঐতিহাসিক গুরুত্ব রয়েছে। ১৯৭১ সালের মহান স্বাধীনতায়ুদ্ধের স্মৃতি হিসেবে গজনী অবকাশ কেন্দ্রে নির্মিত হয়েছে 'স্বাধীনতায়ুদ্ধের স্মৃতিস্তম্ভ'।





Gazni Obokash

The location of the Gajini Obokash center is in between the green hills and crystal clear lake, near the Garo hills along the border of Jhenaigati upazila, 30 kilometers away from Sherpur Sadar. This attractive tourist center have been developed with the initiatives of the then Deputy Commissioner of Sherpur in 1993. Gazni area is known as a picnic spot even from British period. Three-storied leisure building has been constructed on the hillside of approximately 200 feet high and beautiful mountains. The landscape of the lake of clear water along the foot of Garo hills and the horizontal greenery are the characteristics of this area. It also has historical significance as a training area for freedom fighters during the Liberation War of 1971. The memorial monument of Liberation War was constructed in memory of the great Liberation War of 1971.










৭ তলা সন্মিত উঁচু ওয়াচ টাওয়ার (গজনি অবকাশ) Seven Storeyed High Watch Tower (Gajni Obakash)





অন্নোজগত ও শিশুস্বপ্ন (গজনি অবকাশ) Onnojogot & Shishusopno (Gajni Obakash)











মধুটিলা ইকোপার্ক

শেরপুরের নালিতাবাড়ী উপজেলা থেকে প্রায় ১৪ কিলোমিটার উত্তরে পোড়াগাঁও ইউনিয়নের মধুটিলা ফরেস্ট রেঞ্জের আওতায় ৩৮০ একর পাহাড় টিলার উপর “মধুটিলা ইকোপার্ক” নামে মনোরম পিকনিক স্পট গড়ে তোলা হয়েছে। গারো পাহাড় এলাকায় নয়নাভিরাম প্রাকৃতিক ও নৈসর্গিক সৌন্দর্য উপভোগ করার অসাধারণ এক স্থান। এই ইকোপার্কে বর্তমানে আছে সুদৃশ্য প্রধান ফটক, তথ্য কেন্দ্র, গাড়ী পার্কিং জোন, ক্যান্টিন, ওয়াচ টাওয়ার, মিনি চিড়িয়াখানা, মনোরম লেক, প্যাডেল বোট, দেশীয় নৌকা, স্টার ব্রীজ, স্টেম্পিং রোড বা সুউচ্চ পাহাড়ে উঠার জন্য ধাপ রাস্তা (সিড়ি), মিনি শিশু পার্ক, মছয়া রেস্ট হাউজ, স্টীলের ছাতা, ইকো ফ্রেমডলি বেঞ্চ ইত্যাদি।





Madhutula Eco Park

A beautiful picnic spot has been developed on the 380-acre hill areas under the Madhutula Forest range of Poragaon Union named “Madhutula Eco Park”, which is about 14 kilometers north of Nalitabari upazila, Sherpur. This is a great place to enjoy the natural scenic beauty of Garo Hills. This Eco park has a beautiful gate, data center, car parking zone, canteen, watch tower, mini zoo, pleasant lake, pedal boat, local boat, Star Bridge, Strempling Road or steps (stairs) to get to high mountains, Mini children Park, Mahua rest house, Steel Umbrella, Eco Friendly Benches etc.









রাজার পাহাড় ও বাবেলাকোনা

ছোট্ট নদী ঢেউফার বুকে জেগে উঠা চরের চকচকে বালুর পাশেই বিশাল উঁচু টিলা, নাম- রাজার পাহাড়। এ যেন নদী আর পাহাড়ের সৌন্দর্যের অপরূপ ঐশ্বরিক স্বপ্নপুরি। জনশ্রুতি রয়েছে প্রাচীনকালে এক রাজার বাসস্থান ছিল এখানে। তার নামেই এ পাহাড়ের নাম হয় রাজার পাহাড়।



Rajar Pahar and Babelakona

Rajar Pahar is a hillock beside the sand bed that rose from the small river Dheufa. This is such a divine dream of beauty of river and hill. There are legends that in ancient times there was a king's residence here. The name of this hill is named after the king, "King Hill".





ব্রাজার পাহাড় ও বাবেলাকোতা





Rajar Pahar and Babelakona



পানিহাটা লেক ও তারানি পাহাড়

শেরপুর শহর থেকে প্রায় ২৫ কিলোমিটার দূরে নালিতাবাড়ী উপজেলার সীমান্তবর্তী গারো পাহাড় এলাকার রামচন্দ্রকুড়া ইউনিয়নে অবস্থিত পানিহাটা-তারানি পাহাড়। এখানে মেঘ-পাহাড়ের লুকোচুরি দৃশ্য যে কোন প্রকৃতি প্রেমীর মনকে কাছে টানে। পানিহাটা লেকের উত্তরে ভারতের তুরা পাহাড় অবস্থিত।





Panihata Lake and Tarani Hills

